

## 11771 - ঋণ পরিশোধ করার আগে হজ্জ আদায় করার হুকুম

### প্রশ্ন

প্রশ্ন: ব্যবসায়ে বড় ধরনের লোকসান হয়ে যাওয়ার কারণে আমার স্বামী কিছু ব্যাংকের নিকট ও কিছু আত্মীয়স্বজনের নিকট বড় অংকের অর্থ ঋণগ্রস্ত হয়ে পড়েছেন। এ ঋণ পরিশোধ করতে আমাদের কয়েক বছর লেগে যেতে পারে। এমতাবস্থায় আমরা হজ্জ বা উমরা পালন করতে যাওয়া জায়েয হবে কি?

### প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা

আল্লাহ তাআলার

জন্য।

হজ্জ ফরজ হওয়ার

অন্যতম শর্ত হচ্ছে-

সামর্থ্য থাকা।

সামর্থ্যের একটি

দিক হচ্ছে- আর্থিকভাবে

সামর্থ্যবান হওয়া।

সুতরাং যে ব্যক্তির

ঋণ রয়েছে এবং ঋণ-প্রদানকারীগণ

তাদের অর্থ পরিশোধ

করার আগে তাকে

হজ্জ যেতে বাধা

দেন তাহলে সে ব্যক্তি

হজ্জ করবে না।

কারণ সে সামর্থ্যবান

নয়। আর যদি তারা

ঋণ পরিশোধ করার

জন্য ঐভাবে পীড়াপীড়ি

না করে, বরং সহনশীলতার

দৃষ্টিতে দেখে

তাহলে তিনি হজ্জ

করতে পারেন এবং

তার হজ্জ সহীহ

হবে। অনুরূপভাবে

ঋণ পরিশোধের যদি

সুনির্দিষ্ট কোন

সময়সীমা না থাকে

সে ক্ষেত্রেও হজ্জ

আদায় করা জায়েয

হবে এবং যখনই তার

সুযোগ হয় তখনই

তিনি ঋণের অর্থ

পরিশোধ করে দিবেন।

হতে পারে হজ্জ

তার জন্য ঋণ পরিশোধ

করার মত কোন কল্যাণ

নিয়ে আসবে।

আল্লাহই ভাল জানেন।